

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত



১১ জানুয়ারি-২০২০, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপখোলা মাঠ) অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ এর শোভাযাত্রা, এরপর জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে ১ম সমাবর্তন অনুষ্ঠানের সূচনা হয়।

সমাবর্তনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি এম পি। সমাবর্তন বক্তা হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ইমেরিটাস ড. অরুণ কুমার বসাক বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। উল্লেখ্য, প্রায় ১৯ হাজার গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের অংশগ্রহণে সমাবর্তন অনুষ্ঠিত হয়।

এছাড়াও সমাবর্তন অনুষ্ঠান শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল চারুকলা বিভাগের প্রদর্শনী, নাট্যকলা বিভাগের উদ্যোগে নাটক পরিবেশনা, সঙ্গীত বিভাগের উদ্যোগে সংগীতানুষ্ঠান এবং বিশিষ্ট সংগীত শিল্পী বাপ্পা মজুমদারের গানের কনসার্ট অনুষ্ঠান।

বিকাল ২.৪৫ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনের নিচতলায় চারুকলা বিভাগের শিক্ষার্থীদের প্রদর্শনী, দুপুর ৩টা থেকে রাত ৮:০০টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের



কেন্দ্রীয় মিলনায়তনে নাট্যকলা বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকদের পরিবেশনায় ৫টি নাটক (দ্য ম্যারেজ প্রপোজাল, মৃৎপাত্র, দুই জল্লাদ, সোয়ান সঙ্গ ও দ্য গেম) ধারাবাহিকভাবে পরিবেশনা, এছাড়াও কলা ভবন সংলগ্ন কাঁঠালতলায় বিকাল ৩টা থেকে ৪:৩০টা পর্যন্ত সংগীত বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকদের সংগীত পরিবেশনা এবং বিকাল ৪ :৩০টা থেকে সন্ধ্যা ৭ :০০টা পর্যন্ত বিশিষ্ট সংগীত শিল্পী বাপ্পা মজুমদার এর গানের কনসার্ট অনুষ্ঠিত হয়।